



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৪২৭৬

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/

তারিখঃ ০৩/২০১৭খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানসহ সমর্থনীয় কাগজপত্র বোর্ডে দাখিলকরণ প্রসঙ্গে।

তাগিদপত্র

- সূত্রঃ ১) নং- ০৫.৫৫.৮৫৪৯.৭৭৩.০৭.০১৩.১৬-৬৪২(৪); তারিখঃ ১০-০৮-২০১৬খ্রিঃ  
 ২) নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/৩৪১৬/৩; তারিখঃ ০৪/০৯/২০১৬খ্রিঃ  
 ৩) নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/৪০/৩; তারিখঃ ০৮/০১/২০১৭খ্রিঃ  
 ৪) নং- ০৫.৫৫.৮৫৪৯.০০০.০৭.০১৩.১৭-৭২(৫); তারিখঃ ১৯/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলাধীন কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আলহাজ্ব মোঃ আবুল কাশেম এর বিরুদ্ধে কোন প্রকার নোটিশ বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সুপার পদ হতে বরখাস্তকরণ এবং নির্বাচনকালীন বিভিন্ন রষ্ট্রবিরোধী কার্যক্রমের কারণে মামলা দায়ের হয়েছে মর্মে মাদরাসার সুপার উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর বরাবর অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সভাপতি কর্তৃক কোন প্রকার নোটিশ বা আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে সুপার পদ হতে বরখাস্তকরণ এবং তিনি ১০ম জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্র ভাংচুর, ব্যালট পেপার ও গাড়ী পোড়ানোসহ একাধিক মামলার আসামি হয়েছেন মর্মে প্রমাণিত হয়।

২) পরবর্তীতে সভাপতি হিসাবে আলহাজ্ব মোঃ আবুল কাশেম এর এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ম্যানেজিং কমিটি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-১১ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০৬০/২/নথি নং-রংপুর-৩০; তারিখঃ ০৬/১১/২০১৪খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে তাঁর পদ কেন বাতিল করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি আলহাজ্ব মোঃ আবুল কাশেম জবাব দাখিল করেন। জবাবে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ মিথ্যা দাবী করেছেন। এছাড়া সুপারের বিরুদ্ধে দুর্নীতি, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করেন।

৩) অভিযোগসমূহ ও মাদরাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুরকে সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে সুপার জনাব আ ফ ম ঈসমাইল হোসেনকে সাময়িক বরখাস্ত করা বিধি সন্মত হয়নি মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় সুপার জনাব আ ফ ম ঈসমাইল হোসেনকে কিভাবে সাময়িক বরখাস্ত করা হলো এবং জনাব আ. হা. ম শাহজাহান কিভাবে ভারপ্রাপ্ত সুপার এর দায়িত্ব গ্রহণ করলেন এ বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যাসহ সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
 রেজিস্ট্রার  
 বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
 ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব আ হা ম শাহজাহান, ভারপ্রাপ্ত সুপার, কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসা, সদর, রংপুর।

নং- বামাশিবো/প্রশা/ রংপুর-৩০/

তারিখঃ ০৩/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. জনাব মোঃ আবুল কাশেম, সভাপতি (সাবেক ম্যানেজিং কমিটি), কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসা, সদর, রংপুর।
৪. জনাব আ ফ ম ঈসমাইল হোসেন, সুপার, কাটিহারা একরামিয়া দাখিল মাদরাসা, সদর, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
 উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
 বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
 ফোনঃ ৯৬৭৪৮৭৪